



ভারত মহাসাগরে টর্পেডো হামলায় ডুবল ইরানি যুদ্ধজাহাজ, দাবি যুক্তরাষ্ট্রের



সংগৃহীত ছবি

ভারত মহাসাগরে একটি ইরানি যুদ্ধজাহাজ টর্পেডোর আঘাতে ডুবে গেছে বলে দাবি করেছেন যুক্তরাষ্ট্রের যুদ্ধমন্ত্রী পিট হেগসেথ। তাঁর ভাষ্য, আন্তর্জাতিক জলসীমায় অবস্থান করা জাহাজটিকে লক্ষ্য করে আঘাত হানা হয়। তবে তিনি আক্রান্ত জাহাজটির নাম প্রকাশ করেননি।

এর আগে রয়টার্স জানায়, শ্রীলঙ্কা উপকূলের কাছে একটি ইরানি জাহাজ সাবমেরিন হামলার শিকার হয়েছে। ওই প্রতিবেদনে অন্তত ১০১ জন নিখোঁজ ও ৭৮ জন আহত হওয়ার কথা বলা হয়। যদিও এ তথ্যের স্বতন্ত্র নিশ্চয়তা মেলেনি।

শ্রীলঙ্কা নৌবাহিনী জানিয়েছে, ইরানের ফ্রিগেট ‘আইরিস ডেনা’ ভারত মহাসাগরে ডুবে গেছে এবং এতে থাকা প্রায় ১৪০ জন নাবিক নিখোঁজ রয়েছেন। জাহাজটিতে মোট ১৮০ জন ত্রু ছিলেন বলে জানা গেছে। ভোরের দিকে বিপদসংকেত পাঠানোর পর উদ্ধার অভিযান শুরু হয়।

শ্রীলঙ্কার পররাষ্ট্রমন্ত্রী বিজিথা হেরাথ পার্লামেন্টে জানান, ডুবতে থাকা জাহাজ থেকে অন্তত ৩০ জনকে উদ্ধার করা হয়েছে। আহতদের দক্ষিণাঞ্চলের একটি হাসপাতালে ভর্তি করা হয়েছে। উদ্ধার তৎপরতায় দেশটির নৌবাহিনীর দুটি জাহাজ ও একটি বিমান অংশ নেয়।

তবে সাবমেরিন হামলার শিকার জাহাজ এবং ডুবে যাওয়া ‘আইরিস ডেনা’ একই কি না, তা এখনো পরিষ্কার নয়। জাহাজটি কীভাবে ডুবেছে সে বিষয়েও নিশ্চিত তথ্য পাওয়া যায়নি। এ ঘটনায় যুক্তরাষ্ট্র-ইসরাইল চলমান সামরিক তৎপরতার কোনো যোগ আছে কি না—এ প্রশ্ন উঠলেও শ্রীলঙ্কা সরকার তাৎক্ষণিক মন্তব্য করেনি।

সূত্র: বিবিসি